

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. প্রথম অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

بَابُ صَلَاةِ الْعِيْدَيْنِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ يَوْمُ عِيدٍ خَالَفَ الطَّرِيق. رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

১৪৩৪-[৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদের দিন (ঈদের মাঠে) যাতায়াতের পথ পরিবর্তন করতেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৯৮৬, ইরওয়া ৬৩৭, সহীহ আল জামি 8৭৭৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাস্তা পরিবর্তনের হিকমাতঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদগাহে যে রাস্তায় গমন করতেন সে রাস্তায় প্রত্যাবর্তন না করে অপর রাস্তায় আসতেন এরূপ করার পেছনে অনেক হিকমাত রয়েছে। হাফিয ইবনু হাজার বিশটির মত একত্রিত করেছেন তন্মধ্যে নিম্নলিখিত কয়েকটিঃ

- ১। যাতে উভয় রাস্তা তার জন্য সাক্ষ্য দিবে।
- ২। উভয় রাস্তার বাসিন্দাগণ জিন্ হোক বা মানুষ হোক তারা সাক্ষী থাকবে।
- ৩। রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম চলার কারণে রাস্তাটি যে মর্যাদা লাভ করল এতে উভয় রাস্তাই মর্যাদার দিক দিয়ে সমান হল।



- ৪। জীবিত আত্মীয়-স্বজন যারা উভয় রাস্তায় বসবাস করছেন তাদের ঈদ উপলক্ষক্ষ সাক্ষাত দান করতেন এবং যারা মৃত তাদেরও সাথে সাক্ষাৎ করতেন সালাম প্রদান ও যিয়ারতের মাধ্যমে।
- ে। ইসলামের প্রতীক প্রকাশের জন্য।
- ৬। আল্লাহর যিকর প্রকাশের জন্য।
- ৭। মুনাফিক ও ইয়াহূদীদেরকে রাগান্বিত করার জন্য ও তাদের ভীত-সন্ত্রস্ত করার জন্য যে, তাঁর জনশক্তি বন্ধবহুল।
- ৮। উভয় রাস্তায় মুসলিমদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করার জন্য। মুসলিমদের মাঝে আনন্দের ব্যাপকতা প্রচারের জন্য ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন